



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী  
EIIN No-126487

Telephone: 02588855694, Fax: 02588855535, E-mail: c2507@nu.ac.bd, rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com, website: www.rgwcollege.edu.bd

তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) শ্রেণিতে রাজশাহী সরকারি মহিলা কলেজের জন্য মনোনীত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি সংক্রান্ত।

১। ভর্তি প্রক্রিয়া :

ক। শুধুমাত্র রাজশাহী সরকারি মহিলা কলেজের জন্য মনোনীত শিক্ষার্থীরা অন-লাইনের মাধ্যমে একাদশ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

খ। একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ০৭/০৯/২০২৫ খ্রি. থেকে ১১/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পাদন করতে হবে।

২। ভর্তিচ্ছু ছাত্রীদের করণীয় :

(ক) রাজশাহী সরকারি মহিলা কলেজের ওয়েব সাইটে ([www.rgwcollege.edu.bd](http://www.rgwcollege.edu.bd)) প্রবেশ করে “ভর্তি সংক্রান্ত” সার্ভিস বক্সের উচ্চ মাধ্যমিক এ ক্লিক করতে হবে।

Education Level থেকে Higher Secondary সিলেক্ট করতে হবে। XI Admission (2025-2026) এ Apply Now তে ক্লিক করতে হবে। এরপর প্রয়োজনীয় তথ্য দিয়ে Verify বাটনে ক্লিক করতে হবে। Student Basic Information পূরণপূর্বক Payment Method এ Ekipay Payment gateway সিলেক্ট করে Save এ ক্লিক করার পর Submit করতে হবে। ফি এর পরিমাণ যাচাই করে সঠিক মোবাইল নম্বর দিয়ে Pay Now এ ক্লিক করতে হবে। Ekipay Payment gateway এর মাধ্যমে Payment সম্পন্ন করতে হবে। Payment সম্পন্ন করার পর প্রাপ্ত Pdf A4 সাইজ কাগজে প্রিন্ট করে স্টুডেন্ট কপি ও কলেজ কপি সংরক্ষণ করতে হবে।

(খ) ভর্তি ফি: বিজ্ঞান = ৩৫১০.০০

মানবিক = ৩৩৩০.০০

ব্যবসায় শিক্ষা = ৩২৯০.০০

ভর্তির জন্য নিম্নের কাগজপত্র কলেজের সহশিক্ষা ভবনে জমা দিতে হবে:

১। কলেজ ওয়েব সাইট হতে প্রাপ্ত ভর্তির pdf form এর প্রিন্ট কপি।

২। একাডেমিক ট্রান্সক্রিপ্টের অনলাইন কপি।

৩। সদ্য তোলা ২ (দুই) কপি রঙিন ছবি একটি ছোট খামে ভরে নাম ও ক্লাশ রোল লিখে ভর্তি ফরমের সঙ্গে স্ট্যাপলিং করে জমা দিতে হবে।

৪। পাঠ বিরতির ক্ষেত্রে (২০২৩, ২০২৪ সালে এসএসসি পাস) পাঠ বিরতির সনদপত্র ও ১৫০/- টাকা রশিদের মাধ্যমে জমা দিতে হবে।

৫। কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।

৬। কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণকসহ শিক্ষার্থীকে স্বশরীরে এসে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।

৭। ভর্তির দিন শিক্ষার্থীকে স্বশরীরে উপস্থিত হয়ে ডি-এলাটের জন্য ফিঞ্জার প্রিন্ট প্রদান করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় ও তারিখ :

বিভাগ	তারিখ	সময়
বিজ্ঞান	০৯.০৯.২৫	সকাল ৯.০০ থেকে বেলা ১.০০ টা পর্যন্ত
মানবিক	১০.০৯.২৫	
ব্যবসায় শিক্ষা শাখা	১১.০৯.২৫	

বিঃ দ্রঃ (১) নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে অথবা প্রকৃত তথ্য গোপন করলে অথবা কলেজের ওয়েব সাইট থেকে প্রাপ্ত ভর্তি ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্র কমিটির কাছে জমা না দিলে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(২) ভর্তিকৃত ছাত্রীদের অবশ্যই শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে।

(৩) ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় শর্তাবলী:

কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ক্ষেত্রে ০৭/০৯/২০২৫ থেকে ০৮/০৯/২০২৫ খ্রি. তারিখে প্রথমে কলেজে এসে নিম্নলিখিত মূল কাগজপত্র প্রদান সাপেক্ষে উল্লিখিত নিয়মে ভর্তি হতে পারবে।

\* মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান:

\* মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র ও মাসিক ভাতা প্রাপ্তির অনলাইন কপি/গেজেটের মূলকপি ও জাতীয় পরিচয়পত্র প্রদর্শন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।


\* শিক্ষা কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ কমিটির নিকট জমা দিতে হবে।

## নির্ধারিত বিভাগ ও পঠিতব্য বিষয়সমূহ

সকল শ্রেণির জন্য আবশ্যিক বিষয়: (১) বাংলা (২) ইংরেজি (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

## বিভাগওয়ারী নৈর্বাচনিক ও ঐচ্ছিক বিষয়সমূহ:

শাখা/বিভাগ	ক-গুচ্ছ	খ-গুচ্ছ
বিজ্ঞান	নৈর্বাচনিক বিষয় যে কোন ৩টি (১) পদার্থবিজ্ঞান (২) রসায়ন (৩) উচ্চতর গণিত/জীববিজ্ঞান	ঐচ্ছিক বিষয় যে কোন ১টি: (১) উচ্চতর গণিত/জীববিজ্ঞান/ পরিসংখ্যান/ভূগোল
মানবিক	নৈর্বাচনিক বিষয় যে কোন ২টি (১) অর্থনীতি (২) পৌরনীতি ও সুশাসন (৩) ইতিহাস/ইসলামের ইতিহাস (৪) ভূগোল (৫) যুক্তিবিদ্যা	নৈর্বাচনিক বিষয় যে কোন ১টি এবং ঐচ্ছিক বিষয় যে কোন ১টি: ১) অর্থনীতি (২) যুক্তিবিদ্যা (৩) ইতিহাস/ইসলামের ইতিহাস (৪) পৌরনীতি ও সুশাসন (৫) ভূগোল (৬) গার্হস্থ্য বিজ্ঞান/পরিসংখ্যান
ব্যবসায় শিক্ষা শাখা	নৈর্বাচনিক বিষয় ৩ টি (১) হিসাববিজ্ঞান (২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	ঐচ্ছিক বিষয় যে কোন ১টি ১) পরিসংখ্যান/ গার্হস্থ্য বিজ্ঞান/ভূগোল/অর্থনীতি




(মোঃ সারওয়ার জাহান)

অধ্যাপক (অর্থনীতি)

আইডি নং-৪৩৬৮

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।



(মোঃ তৌরেজ হোসেন)

আহ্বায়ক ও সহযোগী অধ্যাপক, রসায়ন

একাদশ শ্রেণির ভর্তি কমিটি: ২০২৫-২৬

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।